সুদীর্ঘ তেষট্টি বৎসর ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫২শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৩ই পৌষ বুধবার, ১৩৭২ ইং 29th Dec. 1965 { ৩১শ সংখ্যা


সকল ঘরের তরে...
দীপ্তি লণ্ঠন
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

**রান্নায় আনন্দ**

এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




**খাস জনতা**
কেরোসিন কুকার
রূপের চাকচক্য ও নিপুণতা আধার।
প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

শীতবস্ত্রের বিপুল আয়োজন
**শিবদুর্গা বস্ত্রালয়**
রঘুনাথগঞ্জ বাজারপাড়া
গ্রাহকগণের রুচিসম্মত শীতের উপযোগী নানা-প্রকার কাপড় আমদানী করিয়াছি। পরীক্ষা প্রার্থনীয়।
প্রোঃ—শিবদুর্গা বস্ত্রালয়

স্টুডেন্টস্ ফেভারিট
রঘুনাথগঞ্জ, (বাস ষ্ট্যাণ্ড) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৩ই পৌষ বুধবার সন ১৩৭২ সাল।

## আদর্শ কোন্ পথে

—০—

কংগ্রেস জনসাধারণের নিকট তাহাদের সামগ্রিক কল্যাণের আশ্বাস ও প্রতিশ্রুতি দিয়া ভারতবর্ষের শাসনভার গ্রহণ করিয়াছিল। খাদ্য, শিক্ষা ও বাসস্থান সম্পর্কে জনসাধারণ কোনো অসুবিধার সম্মুখীন হইবে না, ইহাই তাহাদের প্রতিশ্রুতি ছিল। আজ ১৮ বৎসরের স্বাধীন ভারতের প্রকৃত রূপ সম্বন্ধে আলোচনা করিতে বসিলে যে কোনো চিন্তাশীল ব্যক্তি শিহরিয়া উঠিবেন। সামান্য রক্তপাতেই ভারতবর্ষ স্বাধীন হইয়াছে। কিন্তু স্বাধীনতার পর ভারতবর্ষের রাষ্ট্র পরিচালনার ত্রুটি ও শৈথিল্যের জন্য যে রক্তক্ষরণ জনজীবনে ব্যাপকভাবে দেখা দিয়াছে তাহা আজ দেশের প্রত্যেকটি ব্যক্তি অনুভব করিতেছেন। জাতীয় স্বাধীনতা আসিয়াছে, কিন্তু ব্যক্তি স্বাধীনতা ব্যাহত হইয়াছে, রাষ্ট্রের একটি গোষ্ঠী ও তাহাদের তাঁবেদারদের স্বাধীনতা বনাম স্বেচ্ছাচার সর্ব্বক্ষেত্রে প্রভাব বিস্তার করিয়াছে। আজ তাঁহারা দেশবাসীর চরিত্র জঘন্য করিয়া তুলিয়াছেন। বৃটিশ শাসনকালে তাঁহাদের অত্যাচারকে তোয়াক্কা না করিয়াও দেশবাসী জীবনযাপন করিতে পারিত কিন্তু বর্তমান স্বদেশী রাজত্বে কোনো মানুষের পক্ষেই সরকারী দরজায় ধন্না না দিয়া কোনো প্রকারেই জীবনধারণ করা সম্ভব নয়। সর্ব ব্যাপারেই দেশের জনসাধারণ সরকার যে কী বস্তু তাহা হাড়ে হাড়ে বুঝিয়াছে। সরকারী অসৎ কর্ম্মচারীগণ এই সব নিয়ন্ত্রণের ফলে জনসাধারণের নিকট হইতে কীভাবে অর্থ ছিনাইয়া লইতে হয় তাহা শিখিয়াছে। জনসাধারণের ঘুঘু অংশটি এই সুযোগ বেশ আয়ত্ব করিয়া পরম সুখ-স্বাচ্ছন্দ্যই ভোগ করিতেছে এবং তাহারা মুখে সরকারের চৌদ্দপুরুষ উদ্ধার করিয়া বাস্তবে নিজেদের সমস্ত সুখ সুবিধাই গ্রহণ করিতেছে। ইহার ফলে যাঁহারা সৎপথে জীবনযাপন করিতে চান তাঁহারা স্বাধীন ভারত সরকারের নিকট অস্পৃশ্য হইয়া আছেন।

যাঁহাদের একদিন দিনান্তে একবেলা অন্ন জুটিত না, অথবা সকল বিপদ এড়াইয়া পৈতৃক অর্থের প্রভাবে স্বদেশী করিতেন, আজ তাঁহারাই রাষ্ট্ররজ্জু গ্রহণ করিয়াছেন। তাঁহারা ইহাকে জনসাধারণের উপঢৌকন বলিয়া সোল্লাসে গ্রহণ করিয়াছেন, ত্যাগ ও আদর্শের স্বীকৃতি বলিয়া অবনত মস্তকে স্বীকার করিয়া গ্রহণ করেন নাই। এই কারণেই আজ দেশের মধ্যে এই দুর্দিন দেখা দিয়াছে। দেশের চারিদিকে শত্রু বাড়িয়াছে এবং সেই শত্রুদের সামান্য আক্রমণেই আমরা চঞ্চল হইয়া উঠিতেছি। বর্ত্তমান দুঃখজনক পরিস্থিতির জন্য সরকারই যে অধিকাংশভাবে দায়ী সে বিষয়ে সন্দেহের অবকাশ নাই। তবে জনসাধারণের দায়িত্বকেও অস্বীকার করা যায় না। দেশের জনসাধারণ কর্ত্তৃক কতকটা স্বীকৃত অথচ রাষ্ট্ররজ্জু গ্রহণে অসমর্থ তথাকথিত রাজনৈতিক বিচ্ছিন্ন দলগুলির উপরও এই অবস্থার জন্য কতকটা দোষারোপ করা চলে। তাঁহারা দেশবাসীকে ন্যায়পথে পরিচালনার দিকে তাঁহাদের কর্ম্মশক্তি পরিচালনা না করিয়া শুধু সরকার বিরোধী মনোভাব সৃষ্টি করিয়া রাষ্ট্ররজ্জু অধিকারের প্রয়াস করিয়াছেন। প্রকৃত প্রস্তাবে 'হাব' ও 'হাব নট্‌সের' ভূমিকা একই।

---

## কৃষি সংবাদ সংগ্রহ

আজ আমাদের সংগ্রাম মাঠে ময়দানে। জোয়ানরা যেমন আমাদের সীমান্তরক্ষা করছে তেমনি আমাদের সমস্ত দেশবাসীর জীবনরক্ষা এবং পুষ্টির দায়িত্ব আজ আমাদেরই হাতে। আমরা যারা কৃষির সঙ্গে শামিল হয়েছি। পৌষ পার্বণের আনন্দ আমরা ভবিষ্যতে হয়তো আরও ব্যাপকভাবে করতে পারব কিন্তু আজ আনন্দের আর উৎসবের বদলে আমাদের মাথার ঘাম পায়ে ফেলে যে ভাবেই হোক আরও এবং আরও বেশী কিছু উৎপাদন করার জন্য আপ্রাণ চেষ্টা করতে হবে।

**ধান**—আমন এ মাসেও অনেকে নাবী ধান কেটে ঘরে তুলবেন। ধান কেটে জমিকে একটা চাষ দিয়ে খুলে দিতে হবে। যাতে সুবিধামত কোন রবি ফসলের চাষ করা যায়।

**বোরো**—যাদের রোয়া বসানো হয়নি তারা এ মাসের মধ্যেই বোনার কাজ শেষ করতে পারলে ভাল হয়। বেশী নাবী হলে ফলন ভাল হবে না।

**শীতের সবজি**—ক্রমেই জমিতে টান ধরতে সুরু করেছে এখন সবজি ক্ষেতে প্রয়োজন মত সেচ সময় মত অবশ্যই দিতে হবে না হলে ফসলের সমূহ ক্ষতি হবার সম্ভাবনা।

**আলুর** জমিতে এখন মাটির রস আছে কিনা দেখে ১৫ দিন অন্তর সেচ দিতে হবে। মাটি বেশী ভেজা থাকলে ক্ষতির সম্ভাবনা। আলুর রোগ দমনের জন্য আলুর গাছ ১ বিঘত্ লম্বা হবার পর ২—৩ বার যে কোন তাম্রঘটিত ( কপার অক্সাইড, কপার অক্সিক্লোরাইড ) ছত্রাক নাশক যাতে অন্ততঃ ৫০% ধাতব তামা আছে অথবা বোর্দো মিশ্রণ ( ৫ : ৫ : ৫০ হারে ) সিঞ্চন করতে হবে। গাছের আকার অনুযায়ী মোট মিশ্রণের পরিমাণ কমাতে বাড়াতে হবে। সাধারণতঃ ৪৫০ লিটার বা ১০০ গ্যালন জলে ২ কিলোগ্রাম ওষুধের প্রয়োজন হয়।

কাটুই পোকা দমনে হেপ্টাক্লোর অথবা এলড্রিন প্রকৃত ওষুধ ১¼—২½ কিলো ( হেক্টরে ) আক্রান্ত জমিতে প্রয়োগ করলে পোকা দমন করা যায়। বাঘা পোকার জন্য জলে গোলা ডি. ডি. টি. গুড়ো এবং জাব পোকার জন্য প্যারাথিয়ন বা ম্যালাথিয়ন রোগের জন্য তাম্রঘটিত ওষুধ সিঞ্চনের সময় একই সঙ্গে ব্যবহার করে দমন করা সম্ভব।

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**

## সমবায় চিনি কলগুলিতে রেকর্ড উৎপাদন

সমবায়ের ভিত্তিতে পরিচালিত চিনি কলগুলিতে ১৯৬৪-৬৫ সালে রেকর্ড উৎপাদন হয়েছে। উৎপাদনের পরিমাণ ৮ লক্ষ ৬ হাজার টোন। অর্থাৎ ৫০টি সমবায় চিনি কারখানার উৎপাদন মোট দেশের উৎপাদন অর্থাৎ ৩২ লক্ষ ৬০ হাজার টোনের এক চতুর্থাংশ। আলোচ্য বছরে দুটো নূতন সমবায় চিনি কারখানা স্থাপন করা হয়েছে।

---

## চলচ্চিত্রে রাষ্ট্রীয় পুরস্কার

ভারতের চলচ্চিত্রে রাষ্ট্রীয় পুরস্কারের ত্রয়োদশ বার্ষিক প্রতিযোগিতায় যোগদানের জন্য আবেদন জানান হয়েছে। আগামী ১০ই জানুয়ারী পর্যন্ত যোগদান করা চলবে। ২৫ এম, এম,-এর খণ্ডচিত্রও পাঠান চলবে। চলচ্চিত্রের মান উন্নয়ন ও শিল্পকে উৎসাহদানই হল এই রাষ্ট্রীয় পুরস্কার ব্যবস্থা লক্ষ্য। কাহিনী চিত্র ছাড়াও জাতীয় সংহতি ও পরিবার পরিকল্পনা সম্পর্কিত এবং তথ্যচিত্র, শিশু চিত্র, শিক্ষামূলক চিত্র ও খণ্ডচিত্রের জন্যও পুরস্কারের ব্যবস্থা আছে।

---

## প্রতিরক্ষা তহবিলে সাইগণের ভারতীয়দের দান

সাইগণের ভারতীয় সম্প্রদায় জাতীয় প্রতিরক্ষা তহবিলে ৮০ হাজার টাকা দান করেছেন। এখানকার ভারতীয় মুসলমানদের আর্থিক স্বচ্ছলতা না থাকা সত্ত্বেও এই দানের ৩৩ শতাংশ তারাই দিয়েছেন।

---

## ডাক পার্শেলের মাশুলের হার পরিবর্ত্তন

সব দেশে স্থলপথে পার্শেল পাঠাবার ব্যাপারে ডাক মাশুলের হার পরিবর্তন করা হয়েছে। ১৯৬৪ সালে বিশ্বডাক সংস্থার ভিয়েনায় অনুষ্ঠিত সম্মেলনে ঐ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। আগামী ১লা জানুয়ারী (১৯৬৬) থেকে এই পরিবর্তিত হার চালু হবে।

---

# ।। কৃষি সংবাদ ।।

## ।। আলুর ক্ষেতের যত্ন নিন ।।

### অধিক ফলন পেতে হ'লে এখন থেকেই আলু-গাছের পরিচর্যা করুন

আলু লাগান শেষ হয়েছে। কৃষিভাইদের এখন ফসলের পরিচর্যার দিকে দৃষ্টি দিতে হবে।

### এজন্য অবশ্য করণীয় বিষয়গুলি হল—

(ক) চারা ৫—৬ ইঞ্চি বড় হ'লে একর পিছু ১½—২ কুইন্টল ( ৪—৫ মণ ) আলুর মিশ্রসার চারার দুই পাশে ২ ইঞ্চি দূরে নালি ক'রে প্রয়োগ করুন।

(খ) এই সময় নিড়েন দিন এবং কোদাল দিয়ে গাছের দুই পাশ হ'তে মাটি টেনে গোড়া উঁচু করে দিন।

(গ) আবশ্যক হ'লে এর দু'সপ্তাহ পরে আবার নিড়েন দিন।

(ঘ) ৮—১০ দিন অন্তর আবশ্যকমত পরিমিত সেচ দিন।

(ঙ) ফসল রক্ষার ব্যবস্থা হিসাবে একর পিছু ২ কে. জি. ব্লাইটক্স এবং ১ কে. জি. ডি. ডি, টি. ( ৫০% ) ১০০ গ্যালন ( ২৫ টিন ) জলে গুলে ১০।১৫ দিন অন্তর ৩ বার ছিটিয়ে দিন।

**ঃঃ মনে রাখবেন ঃঃ**

আকাশে মেঘ থাকলে, ধ্বসা রোগের আক্রমণ বেশী হয়। সুতরাং তখন সিঞ্চনী যন্ত্রের সাহায্যে সত্বর ঐ ওষুধ পাতার উপরে এবং নীচে ভালভাবে ছিটাতে ভুলবেন না।

**উপযুক্ত পরিচর্যাতেই আলুগাছ হ'তে বেশী ফলন পাওয়া যায়**

ডবলিউ. বি. ( আই অ্যাণ্ড পি আর ) এফ. পি. সি. (সি৯)/৬৫



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

# আমলা কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও

## সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—**শ্রীননীগোপাল সেন,** কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

---

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

দাঁত তোলানোর ও বাঁধানোর
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

## ডেণ্টাল ক্লিনিক

ডাক্তার শ্রীদীনেশকুমার প্রামাণিক, ডেণ্টাল সার্জ্জেন
পোঃ জিয়াগঞ্জ — মুর্শিদাবাদ

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ **শ্রীরোহিণীকুমার রায়,** বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।
বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)